পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)
ই নিউজ

বর্ষ: ১২ | সংখ্যা: ১১৫

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে

সেপ্টেম্বর ২০২২







# পদক্ষেপ এর "পরিবেশ বান্ধব উপায়ে সামুদ্রিক লবণ উৎপাদন ও ব্যবসা জোরদারকরণ" প্রকল্পের শেয়ারিং অব লেসন্স লার্ন্ট ওয়ার্কশপ অনুষ্ঠিত

পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প 'পরিবেশ বান্ধব উপায়ে সামুদ্রিক লবণ উৎপাদন ও ব্যবসা জোরদারকরণ' প্রকল্পের "শেয়ারিং অব লেসন্স লার্ন্ট শীর্ষক ওয়ার্কশপ" গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে কক্সবাজার এর হোটেল গোল্ডেন হিলে অনুষ্ঠিত হয়। সংস্থার সম্মানিত নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস এর সভাপতিত্বে এবং পদক্ষেপ এর প্রজেক্ট কোঅর্ডিনেটর ও সিনিয়র ম্যানেজার আয়শা সিদ্দীকা'র সঞ্চালনায় কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার জেলার পুলিশ সুপার মোঃ মাহফুজুল ইসলাম পিপিএম (বার) এবং সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার জেলার জেলা প্রশাসক মোঃ মামুনুর রশীদ। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার জেলার পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক মোঃ হাফিজুর রহমান এবং বিসিক কক্সবাজার জেলার উপমহাব্যবস্থাপক মোঃ জাফর ইকবাল ভুঁইয়া। কর্মশালার শুরুতে পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপপরিচালক মোঃ মনিরুজ্জামান সিদ্দীক "পরিবেশ বান্ধব উপায়ে সামুদ্রিক লবণ উৎপাদন ও ব্যবসা জোরদারকরণ প্রকল্পের" অর্জন নিয়ে প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মহোদয় বলেন, পদক্ষেপ এর লবণ শিল্প নিয়ে এই রকম একটি ব্যতিক্রমী উদ্যোগ সত্যিকার অর্থে লবণ শিল্প ও জাতীয় অর্থনীতিতে সহায়ক ভূমিকা রাখবে। লবণ চাষীদের স্বার্থে চলমান প্রক্রিয়ার টেকসই কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত করার পাশাপাশি প্রকল্পের কার্যক্রম পরিচালনায় জেলা প্রশাসন থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। পুলিশ সুপার মহোদয় বলেন, পলিথিন রিসাইকেল প্রক্রিয়ার প্রশংসা করে বলেন, এই প্রক্রিয়ায় একদিকে পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে একইভাবে লবণ চাষীরা তাদের ব্যবহৃত পলিথিন থেকে আর্থিকভাবে লাভবান হবে। তিনি পরিবেশের ভারসাম্য রক্ষা করে লবণ উৎপাদনের পরিমাণ বৃদ্ধি ও লবণের মান সমৃদ্ধকরণ প্রক্রিয়া বাস্তবায়নে প্রয়োজনীয় সব ধরণের সহায়তা প্রদানের আশ্বাস দেন। কর্মশালায় অংশগ্রহণ করেন কক্সবাজার সদরের বিসিক শিল্প নগরী ইসলামপুরে অবস্থিত লবণ পরিশোধন বা ক্রাশিং মিলের মালিক ও লবণ চাষীগণ। এছাড়া প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। লবণ চাষীদের জীবনমান ও পরিবেশগত উন্নয়নের লক্ষ্যে কক্সবাজার সদর ও চকরিয়া এবং চট্টগ্রামের বাঁশখালী উপজেলায় ৮৫০ জন লবণ চাষীদের নিয়ে কাজ করছে পদক্ষেপ।

# পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের শেয়ারিং অব লেসন্স লার্ন্ট ওয়ার্কশপ অনুষ্ঠিত




গত ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে রংপুর সদরে বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের শেয়ারিং অব লেসন্স লার্ন্ট ওয়ার্কশপের আয়োজন করা হয়। শুরুতে স্বাগত বক্তব্যে পদক্ষেপ ও প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি'সহ কার্যক্রমের বিভিন্ন বিষয় তুলে ধরেন প্রকল্পের ফোকাল পার্সন ও পদক্ষেপ প্রোগ্রাম উইং এর উপ পরিচালক মোঃ মনিরুজ্জামান সিদ্দীক। রংপুর চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির প্রেসিডেন্ট মোস্তফা সোহরাব চৌধুরী টিটু এর সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত হিসেবে ছিলেন রংপুর সিটি কর্পোরেশনের সিনিয়র সহকারী সচিব উম্মে ফাতিমা এবং বিশেষ অতিথি হিসেবে ছিলেন পরিবেশ অধিদপ্তরের উপ পরিচালক মিজানুর রহমান এবং রংপুর বিসিক এর উপমহাব্যবস্থাপক মোঃ শামীম হোসেন। এছাড়াও অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির সহকারী পরিচালক ও




রিজিওনাল হেড মোস্তাফিজুল গনি এবং দিনাজপুর জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার ফখরুল আহম্মেদ। প্রধান অতিথি হস্তশিল্পে যে সকল ক্ষুদ্র উদ্যোক্তা আছে তারা যদি সেবা নিতে চায় নিয়মানুযায়ী সেবা প্রদান করবেন বলে আশ্বস্ত করেন। পাশাপাশি অন্যান্য বক্তারা পণ্য বাজারজাতকরণ এবং সিগনেচার পণ্যগুলোর বিক্রি ও রপ্তানি করার জন্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের কার্যক্রম ও পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং কারখানার কর্মপরিবেশ উন্নয়নের উপর আলোকপাত করেন। বক্তারা উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার ক্ষেত্রে এ ধরনের আয়োজনের জন্য পদক্ষেপকে ধন্যবাদ জানান। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরত্বারোপ করে উপস্থিত সকলের সাথে উন্মুক্ত আলোচনার মাধ্যমে আগামী দিনগুলোতে আরও কর্মশালার আয়োজনে সহযোগিতা কামনা করে ওয়ার্কশপ এর সমাপ্তি ঘোষণা করা হয়।

# পদক্ষেপ এর প্রেসিডেন্ট মহোদয়ের বরিশাল জোনের হারতা ব্রাঞ্চ পরিদর্শন



গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখে পদক্ষেপ এর সম্মানীত প্রেসিডেন্ট এ. বি. এম সিদ্দীক বরিশাল জোনের হারতা ব্রাঞ্চ পরিদর্শণ করেন। তিনি উক্ত ব্রাঞ্চের বিভিন্ন সদস্যের আইজিএ পরিদর্শন ও মতবিনিময় করেন। এছাড়া ব্রাঞ্চের স্টাফদের সাথে বিভিন্ন বিষয় নিয়ে খোলামেলা আলোচনা ও দিকনির্দেশনা প্রদান করেন। তিনি সকলকে একযোগে সংস্থার ভ্যালুস, সদস্য, উদ্যোগ, উদ্ভাবন, সমৃদ্ধি, দায়িত্বশীলতা, দলবদ্ধতা নিয়ে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, "তোমরাই পারবে হারতা ব্রাঞ্চকে আরো সামনের দিকে এগিয়ে নিতে। তরুণ কর্মীদের নিয়ে আমরা এগিয়ে যাচ্ছি। আমাদের সকলের উদ্দেশ্য একটাই, আমাদের পদক্ষেপ এর লক্ষ্য, সকল কর্মী হোক দক্ষ।" তিনি ব্রাঞ্চের বিভিন্ন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন।

# পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় ব্যবসায়িক সনদ বিষয়ক কর্মশালা



সকল ব্যবসার প্রথম এবং অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ট্রেড লাইসেন্স এবং তা দেশের প্রচলিত আইন দ্বারা স্বীকৃত ও বৈধ হতে হয়। ব্যবসার আইনগত বৈধ্যতা পাওয়ার জন্য ব্যবসায়িক সনদ বা ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্র সরকারি প্রতিষ্ঠান হতে ইস্যু করা হয়। আমাদের দেশে এমন অনেক ব্যবসায়ী আছেন যারা ট্রেড লাইসেন্স ছাড়াই ব্যবসা করছেন যা সম্পূর্ণ অবৈধ এবং বেআইনী। আবার অনেকেই ব্যবসার আইনগত দিক না বুঝেই ব্যবসা শুরু করেন। ব্যবসার বিভিন্ন বিষয়ের উপর গত ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে রংপুর সদরে ব্যবসায়িক সনদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্রের প্রয়োজনীয়তা এবং এর গুরুত্ব বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্পের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালার শুরুতে পরিচিতি পর্ব শেষে স্বাগত বক্তব্য প্রদান করেন রংপুর জোন প্রধান ও সহকারী পরিচালক ফখরুল আহমেদ। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর সিটি কর্পোরেশনের প্রধান লাইসেন্স পরিদর্শক মোঃ শামীম হোসেন। তিনি বলেন, ব্যবসার আইগত প্রথম ধাপ হচ্ছে ট্রেড লাইসেন্স। আমাদের দেশে অনেকেই আছেন যারা টেড লাইসেন্স ছাড়াই ব্যবসা করছেন। যা সম্পূর্ণ অবৈধ ও আইন বিরোধী। তিনি সনদায়নের উপর গুরুত্বারোপ করে বলেন, এ রকম সভা অয়োজন করা খুবই প্রয়োজন তা না হলে অনেক উদ্যোক্তা আছেন যাদের ট্রেড লাইসেন্স কী, ট্রেড লাইসেন্স কেন গুরুত্বপুর্ণ, কীভাবে ট্রেড লাইসেন্স করতে হয় ও এর নবায়ন সম্পর্কে তেমন কোন ধারণা নেই। এ ধরনের সমস্যা দূর করার জন্য এরকম সভার কোন বিকল্প নেই। এর পাশাপাশি তিনি ব্যবসায়িক সনদ সংক্রান্ত পৌরসভার সেবা কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করেন এবং হস্তশিল্পে যে সকল ক্ষুদ্র উদ্যোক্তা আছেন তারা চাইলে নিয়মানুযায়ী সেবা গ্রহণ করতে পারবেন বলে আশ্বস্ত করেন। এই সভার মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তাগন টিআইএন সার্টিফিকেট সম্পর্কে অবগত হবেন এবং এটি কী ও কী কাজে লাগে, কাদের লাগবে এবং কীভাবে টিআইএন করতে হয়, ই-টিআইএন ও এর রির্টান দাখিল সম্পর্কে সবাই অবগত হন। অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে কর্মশালাটি প্রাণবন্ত হয়ে ওঠে এবং সকলে সুচিন্তিত মতামত ব্যক্ত করেন। উদ্যোক্তাদের সক্ষমতার বৃদ্ধির উদ্যোগ গ্রহণের জন্য এ ধরনের কর্মশালার আয়োজন করায় সকলে পদক্ষেপ এর ভূয়শী প্রশংসা করেন। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করে কর্মশালাটি শেষ করা হয়। কর্মশালায় সংশ্লিষ্ট জোন ও প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# পদক্ষেপ এর নির্বাহী পরিচালক মহোদয়ের পটুয়াখালী জোনের বিভিন্ন ব্রাঞ্চ পরিদর্শণ



গত ৪-৫ অক্টোবর ২০২২ তারিখে সংস্থার সম্মানিত নির্বাহী পরিচালক মোঃ সালেহ বিন সামস পটুয়াখালী জোনের ৩টি ব্রাঞ্চ আমতলী, কলাপাড়া ও কুয়াকাটা ব্রাঞ্চ পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি পটুয়াখালী জোন অফিসে জোনের সকল স্টাফদের নিয়ে একটি সভা করেন। সভায় লীপ প্রোগ্রাম বাস্তবায়নের ক্ষেত্রে বর্তমান ঝুঁকি ও এর থেকে উত্তরণের উপায় নিয়ে আলোচনা করেন। তিনি লীপ প্রোগ্রামের গ্রাহক সেবা প্রদানের সমস্যা, স্টাফদের ইনসেন্টিভ ও ব্রাঞ্চে পণ্যের স্টক প্রদর্শণ নিয়ে আলোচনা করেন। এছাড়া তিনি মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের বর্তমান ঝুঁকি, সদস্য নির্বাচন ও বকেয়া ব্যবস্থাপনার উপর আলোচনা করেন। তিনি সদস্য নির্বাচন করার উপর সর্বোচ্চ গুরুত্ব দিতে বলেন, যাতে আজকে থেকে যে ঋণ যাবে সেই ঋণটি যেন নিরাপদ ইনভেস্টমেন্ট হয় । তিনি মামলাকে উৎসাহিত না করে বলেন, সদস্য নির্বাচনে সর্বাধিক গুরুত্ব দিতে হবে যাতে মামলা করতে না হয়।

# আরএমটিপি প্রকল্পের "নিরাপদ মৎস্য উৎপাদন ও বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উপপ্রকল্পের স্টাফ ওরিয়েন্টেশন



পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় গোপালগঞ্জ জেলার গোপালগঞ্জ সদর, কোটালীপাড়া, টুঙ্গীপাড়া, কাশিয়ানী ও মুকসুদপুর এই ৫টি উপজেলায় সংস্থা কর্তৃক Rural Microenterprise Transformation Project (RMTP) প্রকল্পের তিন বছর মেয়াদী "নিরাপদ মৎস্য উৎপাদন ও বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উপপ্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন শুরু হয়েছে। প্রকল্পের মেয়াদ জুলাই ২০২২ থেকে জুন ২০২৫ সাল পর্যন্ত। প্রকল্প কার্যক্রমের ধারাবাহিকতায় গত ২৩ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রকল্পের মাঠ পর্যায়ে দিনব্যাপী সংশ্লিষ্ট কর্মীদের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। কর্মী ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রোগ্রাম উইং এর উপ পরিচালক মো: মনিরুজ্জামান সিদ্দীক। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির সহকারী পরিচালক ও প্রকল্প সমন্বয়কারী মো: রফিকুল ইসলাম, গোপালগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার এস.এম মোস্তাফিজুর রহমান, ভ্যালু চেইন ফ্যাসিলিটেটির কৃষিবিদ মোঃ লেমন মিয়া, প্রকল্পের মনিটরিং এ্যান্ড ইভ্যালুয়েশন অফিসার মৌসুমী কর, সংশ্লিষ্ট ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজারগণ'সহ সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটরগণ এবং সদর ব্রাঞ্চের কমিউনিটি ম্যানেজারগণ।

কর্মী ওরিয়েন্টেশনের মূল উদ্দেশ্য ছিল, সংস্থার লক্ষ্য, উদ্দেশ্য, মিশন, ভিশন ইত্যাদি বিষয়ে কর্মীদেরকে অবগত করা এবং প্রকল্পের কর্মকাণ্ড বাস্তবায়নে সকলের সম্মিলিত ভূমিকা সম্পর্কে অবগত করা। অনুষ্ঠানের প্রধান অতিথি উল্লেখিত বিষয়গুলো সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করেন এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানের শুরুতেই গোপালগঞ্জ এরিয়ার এরিয়া ম্যানেজার RMTP প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে স্বাগত বক্তব্য প্রদান করেন । তিনি একই সাথে প্রকল্পটি বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। প্রকল্প সমন্বয়কারী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে RMTP প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন বিষয়গুলো বিস্তারিত আলোচনা করেন। এ সময় তিনি প্রকল্পের স্টাফদের সাথে প্রকল্প বাস্তবায়ন বিষয়ক উন্মুক্ত আলোচনা করেন এবং সকলের সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে ওরিয়েন্টেশন কর্মসূচি শেষ করেন।

# সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের বিভিন্ন বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কমিউনিটি সভা





প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের আওতায় গত ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে রংপুর সদর ও সিও বাজার ব্রাঞ্চে এবং ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে ঢাকার মোহাম্মদপুর এলাকার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে 'খাদ্য নিরাপত্তা, পরিবেশ, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক ২টি কমিউনিটি সভা অনুষ্ঠিত হয়েছে। রংপুর সদরের কেরানি পাড়ার এসইপি সদস্য জুলেখা বেগমের 'আবার খাবো' টি স্টলে এবং মোহাম্মদপুর শাখার এসইপি সদস্য লিটন চন্দ্র শীলের 'দ্য প্যাবুলাম' রেস্টুরেন্টে সভাগুলো অনুষ্ঠিত হয়।

রংপুরের সভায় খাদ্য নিরাপত্তা, পরিবেশ, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতার গুরুত্ব এবং একই সঙ্গে পরিবেশের সাথে খাবারের সম্পর্ক তুলে ধরেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। প্রকল্পের মনিটরিং এ্যান্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ মোস্তাফিজার রহমান টেকসই পরিবেশ নিশ্চিত করা ও স্বাস্থ্যসম্মত উপায়ে খাবার প্রক্রিয়াকরণের বিভিন্ন কৌশল নিয়ে আলোচনা করেন।



মোহাম্মদপুর শাখার সভায় নিজেদের দোকান/রেস্টুরেন্টের পরিস্কার ও পরিচ্ছন্নতা বজায় রাখা, খাবার তৈরি ও পরিবেশনের সময় নিরাপদ পানি ব্যবহার করা, খাবার খুব ভালোভাবে রান্না করা, কাঁচা ও রান্না করা খাবার আলাদা ভাবে তৈরি এবং সংরক্ষণ করা, মাছ-মাংস, সবজি ও ফল-মূল কাটার জন্য আলাদা আলাদা চপিং বোর্ড ব্যবহার নিয়ে আলোচনা করেন প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর। খাবারে হাত দেওয়ার আগে ও পরে হাত ভালো করে ধুয়ে নেয়া, পরিস্কার পোষাক পরে কাজ করা এবং অসুস্থ অবস্থায় খাবার তৈরি করা থেকে বিরত থাকার পরামর্শ দেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার লিভা আক্তার। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় সভাগুলো অনুষ্ঠিত হয়। আলোচনা সভাগুলোতে ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশাপাশি এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে তাদের মতামত ব্যক্ত করেন।

# সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্পের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত




গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) অর্থায়নে পরিচালিত "সারাদেশে পুকুর, খাল উন্নয়ন (আইপিসিপি) ১ম সংশোধিত" প্রকল্পের পটুয়াখালী জেলার সদর উপজেলার লাউকাঠি ইউনিয়নের তাফাল বাড়িয়া বাজার এলাকায় বিশ্বাস বাড়ী থেকে ইসহাক মৃধা বাড়ী পর্যন্ত খননকৃত খালের নিকটবর্তী বসবাসকারীদের নিয়ে দিন ব্যাপী হাঁস পালন, সবজি ও মাছ চাষ বিষয়ক এক প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হয়। ৪০ জন উপকারভোগীদের নিয়ে এই প্রশিক্ষণ কর্মসূচীটি সম্পন্ন করা হয়। পটুয়াখালী সদর উপজেলার ইঞ্জিনিয়ার মোহাম্মদ শওকত হোসেন




এর সভাপতিত্বে উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপপ্রকল্প পরিচালক মোহাম্মদ এনায়েত কবীর। তিনি উপজেলার তত্ত্বাবধানে ইউনিয়ন পরিষদের মাধ্যমে কাজের যেকোন সমস্যা হলে যোগাযোগ করার কথা উল্লেখ করে বলেন, এ ধরনের প্রশিক্ষণ কর্মীদের দক্ষতা ও যোগ্যতা বাড়াতে সাহায্য করবে। প্রশিক্ষণ থেকে অর্জিত জ্ঞানকে কর্মক্ষেত্রে কাজে লাগিয়ে তারা প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন করতে পারবে। এভাবে প্রকল্পটি সম্পন্ন হলে পরিবেশ রক্ষাসহ প্রাতিষ্ঠানিক পুকুর, খালের পানি ব্যবহার করে শাক সবজী চাষ, মাছ চাষ, হাঁস চাষ ইত্যাদির মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠী ও বেকার যুবক শ্রেণীকে আয়বর্ধণমূলক কার্যক্রমে সম্পৃক্ত করার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক অবস্থা উন্নত করা সম্ভব হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পল্লী সঞ্চয় ব্যাংক এর শাখা ব্যবস্থাপক দেবাশীষ রায়, লাউকাঠি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইলিয়াছ মোল্লা। সকলের অংশগ্রহণে এই প্রকল্পের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সহযোগিতা কামনা করেন বক্তারা। সভাপতি প্রকল্পের উদ্দেশ্য তুলে ধরে বলেন, সংস্থার চলমান কার্যক্রমকে একটি টেকসই কার্যক্রমে পরিণত করতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি এ কাজে উপস্থিত সকলকে সহযোগিতা করার আহবান জানান। দিনব্যাপী প্রশিক্ষণটি পরিচালনা করেন উপজেলার প্রাণিসম্পদ কৃষি ও মৎস কর্মকর্তাবৃন্দ।





# প্রমোশন অফ সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ



পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও বিশ্ব ব্যাংক এর অর্থায়নে পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় গত ১৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে রংপুর এবং সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে একদিন ব্যাপী পরিবেশ সচেতনতা বিষয়ক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় স্বাগত বক্তব্য এবং প্রকল্পের উদ্দেশ্য বর্ণনা করেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। তিনি নিরাপদ, পরিষ্কার পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত উপায়ে খাদ্য প্রস্তুতকরণ, পরিবেশন, সংরক্ষণ এবং পরিবেশ সম্মত উপায়ে কি ভাবে খাবার তৈরি করা যায় সে বিষয়ে বেশ কিছু ধারণা প্রদান করেন। বায়ু দূষণ, পানি দূষণ, শব্দ দূষণ, মাটি দূষণ, এবং প্লাস্টিক দূষণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মৌসুমী কর।

কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন রংপুর পরিবেশ অধিদপ্তরের উপ পরিচালক মোঃ মিজানুর রহমান। তিনি বলেন, "পরিবেশের বড় শত্রু হল পলিথিন, এই পলিথিন পানির সঠিক প্রবাহ বন্ধ করে, শহরের সব ক্যানেল প্রায় সময় বন্ধ হওয়ার জন্য দায়ী এই পলিথিন, মাটির উর্বরতা শক্তি নষ্ট করে এই পলিথিন, যদি পুড়িয়ে ফেলেন তাহলে বায়ু দুষণ করে এই পলিথিন। তাই আসুন আমরা এই পলিথিন ব্যবহারের বিষয়ে সচেতন হই"। স্বাস্থ্যসম্মত ভাবে জীবন যাপন করতে হলে পরিবেশকে বাঁচাতে হবে আর এর জন্য প্রয়োজন সচেতনতা বৃদ্ধি। কর্মশালাটি পরিচালনা করেন মোঃ মোস্তাফিজার রহমান, ডকুমেন্টেশন ও মনিটরিং অফিসার।

# পদক্ষেপ এর লীপ প্রোগ্রামের ১১ জন ষ্টাফকে দুবাই ভ্রমণে নিয়ে গেল সিঙ্গার বাংলাদেশ






পদক্ষেপ এর 'লাইফ এনহান্সম্যান্ট অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (লীপ)' এর আওতায় ২০২১ সালে সিঙ্গার এর পণ্য বিক্রয়ের বিপরীতে সিঙ্গার বাংলাদেশ পদক্ষেপ এর মোট ১১ জন স্টাফের একটি টীমকে বিদেশ (দুবাই) ভ্রমণে নিয়ে যায়। ১৭-২১ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত ১১ সদস্যের টীমটি দুবাই এর বিভিন্ন উল্লেখযোগ্য ও দর্শণীয় স্থান পরিদর্শণ করেন। উক্ত ভ্রমণ টীমে ছিলেন প্রধান কার্যালয়ের ০৬ জন কর্মকর্তা এরমধ্যে ১ জন উপ পরিচালক, ৪ জন সিনিয়র সহকারী পরিচালক, ১ সহকারী পরিচালক এবং মাঠ পর্যায়ের ৫ জন কর্মকর্তার মধ্যে ৩ জন জোনাল ম্যানেজার ও ২ জন এরিয়া ম্যানেজার।

# পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপ প্রকল্পের আওতায় পরিবেশ ক্লাবের সভা







পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর পরিবেশবান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্পের পরিবেশ ক্লাবের ৫টি উপজেলায় সভা অনুষ্ঠিত হয়েছে। এরমধ্যে ১৩, ১৮, ২১, ২২ ও ২৭ সেপ্টেম্বর ২০২২ তারিখে দিনাজপুর জেলায় ৫টি এবং ২৬, ২৭ ও ২৮ এপ্রিল ২০২২ তারিখে রংপুর জেলায় ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাগুলোর প্রধান আলোচ্য বিষয় ছিল "টেকসই উন্নয়নের জন্য পরিবেশগত অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তাদের বৈচিত্রময় হস্তশিল্পের প্রসার ঘটানো ও পরিবেশ উন্নয়নে অংশগ্রহণমূলক অংশীদারিত্ব নিশ্চিত করা"। সভাগুলোর মূল উদ্দেশ্য ছিল, "উদ্যোক্তাদের পাশাপাশি সমাজের সকল শ্রেণীর মানুষের মধ্যে অংশগ্রহণমূলক পরিবেশগত অনুশীলনের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করা এবং পরিবেশ সংক্রান্ত কাজে তরুণ প্রজন্ম ও অভিজাত ব্যক্তিদের অংশগ্রহণ নিশ্চিত করা।" সভায় পরিবেশ দূষণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। সেইসাথে নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেতনতা বৃদ্ধি ও দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়। ক্লাবের সভাগুলো পরিচালনা করেন পরিবেশ অফিসার আলিফা তাজমিন এবং টেকনিক্যাল অফিসার মিনহাজুল হায়াত।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ইমাম, শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ'সহ প্রকল্পের উদ্যোক্তাবৃন্দ এবং পদক্ষেপ এর সংশ্লিষ্ট ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সভায় পরিবেশ উন্নয়নে উদ্যোক্তাদের অধিক হারে অংশগ্রহণ নিশ্চিত করা এবং পরিবেশ দূষণ রোধে সকল শ্রেণীর মানুষকে এগিয়ে আসার আহবান জানানো হয়। এছাড়া টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করা হয়।

# প্রমোশন অফ সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস উপ প্রকল্পের আওতায় পরিবেশ ক্লাবের সভা





গত ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে রংপুর সদর ও সিও বাজার শাখার এবং ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখে মোহাম্মদপুর এবং মিরপুর শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পরিবেশ ক্লাবের সভা অনুষ্ঠিত হয়। সভাগুলোতে আলোচনার মূল বিষয়বস্তু ছিল পলিথিনের ব্যবহার ও এর ক্ষতিকারক দিক সম্পর্কে এবং খবরের কাগজ/ছাপাকাগজ ও লিখিত কাগজে ব্যবহৃত ক্ষতিকর টোনার এর স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে উদ্যোক্তাদের মাঝে সচেতনতা বৃদ্ধি করা।

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় সভাগুলো অনুষ্ঠিত হয়। আলোচনা সভাগুলোতে ক্ষুদ্র উদ্যোক্তাদের পাশাপাশি এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে আলোচিত বিষয়ের উপর তাদের মতামত ব্যক্ত করেন।

# পরিবেশবান্ধব বৈচিত্রময় হস্তশিল্প প্রকল্পের মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত




বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় সম্প্রতি 'পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক একটি মৌলিক প্রশিক্ষণ' অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণটির মূল প্রতিপাদ্য বিষয় ছিল "টেকসই উন্নয়নের জন্য পরিবেশগত অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তাদের বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসার ঘটানো"। গত ৩১ সেপ্টেম্বর ২০২২ তারিখে রংপুর জেলায় প্রশিক্ষণটি অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর জেলার পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক মিজানুর রহমান। তিনি ব্যবসার ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্র নীতিমালার বিভিন্ন বিষয় তুলে ধরেন এবং ব্যবসায়ীক সকল কার্যক্রম যেন পরিবেশকে ঠিক রেখে পালন করা হয় সেদিকে খেয়াল রাখতে বলেন। সেইসাথে তিনি পরিবেশ দূষণ, নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেতনতা বৃদ্ধি ও দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর রংপুর এরিয়ার এরিয়া ম্যানেজার আব্দুল আলীম'সহ সংশ্লিষ্ট ব্রাঞ্চ ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণটি পরিচালনা করেন প্রকল্প ব্যবস্থাপক মোঃ ইরফানুল বারী। প্রশিক্ষণটিতে হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার সম্পর্কে এবং ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

# সোনাগাজীতে আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রামের মাসিক শিক্ষা সমন্বয় সভা



গত সেপ্টেম্বর ২০২২ মাসে ফেনীর সোনাগাজী উপজেলায় চলমান আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রামের মাসিক শিক্ষক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সোনাগাজী উপজেলার সোনাগাজী মডেল মাদ্রাসা মিলনায়তনে অনুষ্ঠিত শিক্ষক সমন্বয় সভায় বক্তব্য প্রদান করেন প্রোগ্রামের জেলা ম্যানেজার কামরুল ইসলাম। তিনি সকল শিক্ষকদেরকে সরকারের ঘোষিত জনমুখী এই কার্যক্রমকে সফল করার জন্য ছোট ছোট কোমল মতি শিশুদের পাঠদানের বিষয়ে এবং অনলাইন গ্রুপে সকল শিক্ষকদের দৈনিক ছবি প্রেরণ বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সময় অনুযায়ী বিষয়ভিত্তিক পাঠদানের ক্ষেত্রে সচেতন হওয়ার জন্য শিক্ষকদের পরামর্শ দেন। উপজেলা প্রোগ্রাম ম্যানেজার মোঃ শাহাদাৎ হোসেন এর সঞ্চালনায় সভায় প্রোগ্রামের সকল সুপারভাইজার ও শিক্ষকগণ উপস্থিত ছিলেন। সভায় শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। মাঠ পর্যায়ে চলমান সমস্যা ও সমাধানের বিষয়েও সভায় আলোচনা করা হয়। সভায় উপজেলার আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রামের ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভার মোট ৮৫টি প্রাথমিক শিখন কেন্দ্রের সকল শিক্ষক ও ৫ জন সুপারভাইজার অংশগ্রহণ করেন।

# শুভ উদ্বোধনের মাধ্যমে পদক্ষেপ এর ক্ষুদ্রঋণ কার্যক্রমে সংযোজন হলো আরও নতুন ৬টি ব্রাঞ্চ



পদক্ষেপ দেশের শীর্ষ অর্থায়নকারী প্রতিষ্ঠান পিকেএসএফ এর অন্যতম সহযোগী সংস্থা হিসেবে সমাজের অবহেলিত গরিব ও দুস্থ জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে। দেশব্যাপী দরিদ্র জনগোষ্ঠীর দোরগোড়ায় ব্যাংকিং সুবিধা পৌঁছে দেয়া ও পুঁজির ঘাটতি পূরণ করা, আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে দরিদ্রদেরকে আগ্রহী করে তোলা, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং নতুন উদ্যোক্তা গড়ে তোলার ক্ষেত্রে পদক্ষেপ এর ক্ষুদ্রঋণ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

বর্তমানে দেশের প্রায় সব জেলায় পদক্ষেপ তার ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারিত করেছে। এরই ধারাবাহিকতায় সেপ্টেম্বর ২০২২ মাসে আরও নতুন ৬টি ব্রাঞ্চে ক্ষুদ্রঋণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। ব্রাঞ্চগুলো হলো, চট্টগ্রাম (উ:) জোনের চট্টগ্রাম এরিয়ার কোতোয়ালী ব্রাঞ্চ, সীতাকুণ্ড এরিয়ার জোরারগঞ্জ ব্রাঞ্চ ও হাটহাজারী এরিয়ার নাজিরহাট ব্রাঞ্চ, যশোর জোনের খুলনা এরিয়ার নিরালা ব্রাঞ্চ, ময়মনসিংহ জোনের, জামালপুর এরিয়ার নান্দিনা ব্রাঞ্চ ও রাজশাহী জোনের পুঠিয়া এরিয়ার লালপুর ব্রাঞ্চ। উদ্বোধনী অনুষ্ঠানে সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধি, প্রশাসনিক কর্মকর্তা, ব্যাংক ও এনজিও কর্মকর্তা, শিক্ষক, বিশিষ্ট ব্যবসায়ীবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ পদক্ষেপ এর সংশ্লিষ্ট রিজিয়ন প্রধান এবং জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারবৃন্দ, এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজারবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা ও কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দোয়া মাহফিল শেষে সদস্যদের মাঝে ঋণ বিতরণ করা হয়।

# ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ




গত ২৭ সেপ্টেম্বর ২০২২ তারিখে প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর উপপ্রকল্পের আওতায় মোহাম্মদপুর এবং মিরপুর শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পরিবেশগত সচেতনতা বিষয়ক ১ দিনের প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণটি পদক্ষেপ এর পিআইডিএম ভবনে অনুষ্ঠিত হয়।

কর্মশালার স্বাগত বক্তব্যে পদক্ষেপ ও প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি'সহ কার্যক্রমের বিভিন্ন বিষয় তুলে ধরেন পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপপরিচালক মোঃ আনিস হোসেন চৌধুরী। তিনি ব্যবসা প্রতিষ্ঠানে স্বাস্থ্যসম্মত উপায়ে খাদ্য প্রস্তুত, পরিবেশন, সংরক্ষণ এবং টেকসই পরিবেশ নিশ্চিত করার জন্য উদ্যোক্তাদের আহবান করেন। শুধু মাত্র লাভের আশায় ব্যবসা না করে ভোক্তাদের স্বাস্থ্য সম্মত এবং ভেজালমুক্ত খাবার তৈরি করার পরার্মশ দেন। পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর সিনিয়র সহকারী পরিচালক মো: কামরুল ইসলাম মারুফ টেকসই পরিবেশ নিশ্চিত করতে সকলকে সচেতন হওয়ার এবং ঝালমুড়ি, ফুচকা, সমুচা, রোল, সিঙ্গারা, পেঁয়াজু, জিলাপি, পরোটা ইত্যাদি পরিবেশনে খবরের কাগজ/ছাপাকাগজ/লিখিত কাগজ এর ঠোঙায় ব্যবহার না করার পরার্মশ প্রদান করেন। প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মৌসুমী কর স্বাস্থ্য সুরক্ষায় ও খাদ্যের পুষ্টিমান বজায় রাখার পাশাপাশি হোটেল/রেস্টুরেন্ট এর পরিবেশ উন্নয়ন করার পরার্মশ দেন। এছাড়াও কর্মশালায় উপস্থিত ছিলেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার লিভা আক্তার, একাউন্টস এ্যান্ড প্রকিউরমেন্ট অফিসার মো: রফিকুল ইসলাম'সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণে নিরাপদ খাদ্য নিশ্চিতে করণীয় সম্পর্কে দিক নির্দেশনা সম্বলিত পোস্টার এবং সচেতনতা বিষয়ক স্টিকার প্রদান করা হয়।

**বিলম্ব নিউজ**

# ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্পের উপানুষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন ও প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত




গত ২ আগস্ট ২০২২ তারিখে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন প্রকল্প (৪র্থ পর্যায়) এর উপানুষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ভকেশনাল ট্রেনিং এর উদ্বোধন করা হয়। প্রশিক্ষণটি উদ্বোধন করেন প্রকল্পের কুমিল্লা সিটি কর্পোরেশনে দায়িত্বপ্রাপ্ত প্রোগ্রাম সুপারভাইজার মো: আব্দুল মমিন। পদক্ষেপ এর প্রকল্প সমন্বয়কারী সোনিয়া আক্তার এর সভাপতিত্বে কুমিল্লায় অনুষ্ঠিত প্রশিক্ষণে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের সুপারভাইজার ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। প্রশিক্ষক এবং প্রশিক্ষনার্থীদের উপস্থিতিতে উৎসবমুখর পরিবেশে কার্যক্রমের উদ্বোধন করা হয়। ৩ দিন ব্যাপী প্রশিক্ষণটিতে কর্ম এলাকার বিভিন্ন কলকারখানা ও যুব উন্নয়নের কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

# সেপ্টেম্বর মাসে প্রশিক্ষণ পেয়েছে ২৯৯ জন

সেপ্টেম্বর ২০২২ মাসে অভ্যন্তরীণভাবে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ে নতুন নিয়োগপ্রাপ্ত ৫ জন কর্মকর্তাকে, UPHCSDP-২ প্রজেক্টের ১৯ জন কর্মকর্তাকে, নতুন নিয়োগের জন্য মনোনীত ১২৩ জন কমিউনিটি ম্যানেজারকে, আইপিসিপি প্রজেক্টের ১ জন কমিউনিটি অ্যাসিস্টেন্টকে ও হ্যান্ডিক্রাফ্ট প্রজেক্টে পরিবেশ অফিসার পদে ১ জনকে "বেসিক ওরিয়েন্টেশন" বিষয়ে এবং দলীয় গতিশীলতা, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনার উপর ১৪৮ জন শিক্ষানবীশকাল উত্তীর্ণ কমিউনিটি ম্যানেজারকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

পাশাপাশি বহি: উৎস পিকেএসএফ কর্তৃক পদক্ষেপ এর ১ জন সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারকে Risk Management বিষয়ে এবং ১ জন সিনিয়র ব্যবস্থাপককে সিডিএফ আয়োজিত "Internal Audit & Monitoring for Improving Effective Internal Control of MFIs" বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ৭০৩ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় সেপ্টেম্বর ২০২২ মাসে পদক্ষেপ'সহ ২৪টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ৭০৩ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৪টি সভা ও ১০টি প্রশিক্ষণ ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

# এ মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৪১২টি

সেপ্টেম্বর ২০২২ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৪১২ জন গ্রাহককে ১.৮১ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫৫,৬৯৯ জন গ্রাহককে ৪৯৫.৭৪ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

# এ মাসে ১২৭ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

সেপ্টেম্বর ২০২২ মাসে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ে মানবসম্পদ ও প্রশাসন বিভাগে ম্যানেজার পদে ১ জন, এমআইএস বিভাগে টিএ পদে ১ জন, পিডিএ্যান্ডআইসি সেকশনে সি: সহকারী পরিচালক পদে ১ জন ও পিআইডিএম-এ সিকিউরিটি গার্ড পদে ১ জনকে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম পদে ১১৩ জন, সমৃদ্ধি কর্মসূচির সুরমা ইউনিয়নে শিক্ষক পদে ২ জন এবং এসডিও পদে ১ জন ও দাসেরবাজারে হেল্থ ইন্সপেক্টর পদে ২ জন, শিক্ষক পদে ১ জন ও ইডিও পদে ১ জন এবং আইপিসিপি প্রকল্পের গজারিয়াতে সিএ পদে ১ জন, আরএমটিপি প্রকল্পের গোপালগঞ্জ সদরে সহকারী ভ্যালুচেইন ফ্যাসিলেটেটর পদে ১ জন ও দিনাজপুর জোনের বীরগঞ্জ এরিয়ায় অফিস এসিস্ট্যান্ট পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

# কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

সেপ্টেম্বর ২০২২ মাসে সিপিএফ হতে ৫ জন কর্মীকে ৪,৩৬,৮৮৫/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৫ জন কর্মীকে ১৯,৭০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ৫ জনকে ১,৪৬,০৮৫/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৫ জনকে ৭৫,০০০/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

**পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।**

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org